



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩১৭০

তারিখঃ ১১/১০/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমণভাতা খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় গ্রামের অসহায় ও দরিদ্র মহিলাদের সংগঠিত করে সমিতি গঠন এবং বিভিন্ন আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের কর্মপরিধি বৃদ্ধি পাওয়ায় উপজেলা পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীগণকে অধিক হারে কর্ম এলাকায় ভ্রমণ করতে হয় বিধায় জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমণভাতা খাতে বরাদ্দকৃত অর্থে ব্যয় নির্বাহ করা সম্ভব হচ্ছে না। সেই প্রেক্ষিতে প্রকল্পের কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমণভাতা খাতে মাসিক বাজেট বরাদ্দ বৃদ্ধি করে নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলোঃ


ক্রমিক নং	পদবী	বাজেট বরাদ্দের পরিমাণ		
		জ্বালানী	দৈনিক ভাতা	ভ্রমণ ভাতা
১	সহকারী পল্লী উন্নয়ন অফিসার	২০০০/-	১০০০/-	-
২	হিসাব সহকারী	-	৩০০/-	৫০০/-
৩	মাঠ সংগঠক	-	-	১৫০০/-
মোট =		২০০০/-	১৩০০/-	২০০০/-

২। প্রকল্পভূক্ত মনপুরা, কলাপাড়া, দশমিনা, মেহেন্দীগঞ্জ, মুলাদী, কয়রা, পাইকগাছা ও মঠবাড়িয়া উপজেলা প্রত্যন্ত অঞ্চল হওয়ায় এবং অনুন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে কর্মকর্তা-কর্মচারীদের কর্মএলাকায় ভ্রমণে জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমণভাতা খাতে অন্যান্য উপজেলার তুলনায় ব্যয় অধিক হওয়ায় উল্লিখিত ০৮ (আট) টি উপজেলায় বর্ধিত খাতে মাসিক বাজেট বরাদ্দ বৃদ্ধি করে নিম্নরূপ নির্ধারণ করা হলোঃ

ক্রমিক নং	পদবী	বাজেট বরাদ্দের পরিমাণ		
		জ্বালানী	দৈনিক ভাতা	ভ্রমণ ভাতা
১	সহকারী পল্লী উন্নয়ন অফিসার	২০০০/-	১০০০/-	৫০০/-
২	হিসাব সহকারী	-	৫০০/-	৭০০/-
৩	মাঠ সংগঠক	-	-	২০০০/-
মোট =		২০০০/-	১৫০০/-	৩২০০/-

৩। জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমণভাতা খাতে এ বাজেট বরাদ্দ অক্টোবর/২০১৫ খ্রিস্টাব্দ হতে কার্যকর হবে। জ্বালানী খাতে ব্যয় নির্বাহের ক্ষেত্রে লগ বহি ব্যবহার নিশ্চিত করতে হবে। দৈনিকভাতা ও ভ্রমণভাতার ক্ষেত্রে ভ্রমণ বিবরণী ও ভ্রমণ বিল অনুমোদন পূর্বক ব্যয় নির্বাহ করতে হবে। কোন ভাবেই বেতন বিল বা মাস্টাররোলের মাধ্যমে দৈনিকভাতা ও ভ্রমণভাতা পরিশোধ করা যাবে না।

৪। এ পত্রটি বিগত ১৫/৯/২০১৫ খ্রিস্টাব্দ তারিখে স্মারক নং ৩১০০ মূলে জারীকৃত পত্রের ০৮ নং নির্দেশাবলীর (জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমণভাতা বিষয়ক) সংশোধনী হিসেবে গণ্য হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ মাসুদ আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
উপজেলাঃ-----  
জেলাঃ-----

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। হিসাব সহকারী/মাঠ সংগঠক (সকল), (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। অফিস কপি।